

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ ইমাম আবূ হানীফার রচনাবলি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ইমাম আবৃ হানীফার কিতাবুল আসার ও মুসনাদ

ইমাম আবূ হানীফার যুগের আলিমগণ সাধারণত প্রচলিত পরিভাষায় গ্রন্থ রচনা করতেন না, বরং তাঁরা যা বলতেন তা ছাত্ররা লিখতেন। এজন্য তাবিয়ী যুগে বা ১৫০ হিজরী সালের মধ্যে মৃত্যুবরণকারী আলিমদের লেখা বা সংকলিত পৃথক গ্রন্থাদির সংখ্যা খুবই কম। তাঁদের ছাত্রগণের লেখায় তাঁদের বক্তব্য সংকলিত। কখনো কোনো ছাত্র তাঁদের বক্তব্য একক পুস্তিকায় সংকলন করতেন। কখনো তাঁরা নিজেরাই কিছু তথ্য সংকলন করতেন। ইমাম আবূ হানীফার লেখা বলতে কখনো তাঁর নিজের সংকলন এবং কখনো তাঁর কোনো ছাত্র কর্তৃক তাঁর বক্তব্য বা তাঁর বর্ণিত হাদীস সংকলন বুঝানো হতে পারে। উভয় ক্ষেত্রেই তা 'ইমাম আবূ হানীফা'-র নামে প্রচারিত হতে পারে। এ মূলনীতির ভিত্তিতে ইমাম আবূ হানীফা রচিত ও সংকলিত প্রধান গ্রন্থ 'কিতাবুল আসার'।

মুহাদ্দিসগণের পরিভাষায় 'আসার' বলতে সাহাবী, তাবিয়ী ও তাবি-তাবিয়ীগণের বক্তব্য বা কর্ম বুঝানো হয়। সাধারণভাবে 'আসার' এর মধ্যে রাসূলুল্লাহ (ﷺ) এর হাদীসও অন্তর্ভুক্ত করা হয়। দ্বিতীয় হিজরী শতকে মুহাদ্দিসগণ রাসূলুল্লাহ (ﷺ) এর হাদীসের সাথে সাহাবীগণের বক্তব্যও সংকলন করতেন এবং ফিকহী পদ্ধতিতে বিন্যাস করতেন। এরূপ গ্রন্থভোলা 'মুআতা', 'মুসাল্লাফ' বা 'কিতাবুল আসার' নামে পরিচিত।

ইমাম আবৃ হানীফা সংকলিত 'কিতাবুল আসার' তাঁর কয়েকজন ছাত্র বর্ণনা করেন। তাঁদের মধ্যে রয়েছেন: যুফার ইবন হুযাইল (১৫৮ হি), আবৃ ইউসুফ (১৮২ হি), মুহাম্মাদ ইবনুল হাসান (১৮৯ হি), হাসান ইবন যিয়াদ লুলুয়ী (২০৪ হি)। তন্মধ্যে আবৃ ইউসুফ এবং মুহাম্মাদ বর্ণিত 'কিতাবুল আসার' দুটো পৃথক গ্রন্থ হিসেবে প্রকাশিত। এ গ্রন্থদুটোতে ইমাম আবৃ ইউসুফ ও ইমাম মুহাম্মাদ ইমাম আবৃ হানীফা বর্ণিত হাদীসে নববী এবং সাহাবী-তাবিয়ীগণের বক্তব্য সংকলন করেছেন। উল্লেখ্য যে, উভয় গ্রন্থের অধিকাংশ 'আসার' বা হাদীস একই। মূলত গ্রন্থদুটো ইমাম আবৃ হানীফা সংকলিত কিতাবুল আসারের পৃথক বর্ণনা মাত্র। ইমাম মালিকের মুআন্তা গ্রন্থটি যেমন বিভিন্ন ছাত্র বিভিন্ন সময়ে শ্রবণ ও বর্ণনা করার কারণে অনেকগুলো মুআন্তার সৃষ্টি হয়েছে। অনুরূপভাবে ইমাম আবৃ হানীফা সংকলিত কিতাবুল আসার ইমাম মুহাম্মাদ ও ইমাম আবৃ ইউসুফ পৃথকভাবে বর্ণনা করার কারণে উভয়ের মধ্যে কিছু ব্যতিক্রম সৃষ্টি হয়েছে।

'কিতাবুল আসার' ছাড়াও ইমাম আবূ হানীফা সংকলিত হাদীসগুলো 'মুসনাদ আবী হানীফা' নামে বর্ণিত ও গ্রন্থায়িত। তাঁর কয়েকজন ছাত্র তাঁর মুসনাদ বর্ণনা করেছেন। তাঁদের মধ্যে রয়েছেন:

- (১) ইমাম আবূ হানীফার পুত্র হাম্মাদ ইবন আবূ হানীফা (১৮০ হি)
- (২) মুহাম্মাদ ইবন খালিদ ওয়াহবী (২০০ হি)
- (৩) আবূ আলী হাসান ইবন যিয়াদ লু'লুয়ী (২০৪ হি)

চতুর্থ হিজরী শতক থেকে ষষ্ঠ হিজরী শতক পর্যন্ত সময়ে কয়েকজন মুহাদ্দিস ইমাম আবৃ হানীফার সূত্রে বর্ণিত



হাদীসগুলো তাঁদের সনদে সংগ্রহ করে 'মুসনাদ আবী হানীফা' নামে সংকলন করেন। তাঁদের অন্যতম:

- (১) উমার ইবনুল হাসান ইবনুল আশনানী বাগদাদী (৩৩৯ হি)
- (২) আবৃ মুহাম্মাদ আব্দুল্লাহ ইবন মুহাম্মাদ ইবন ইয়াকৃব ইবনুল হারিস আল-হারিসী আল-বুখারী আল-উসতাদ (৩৪০ হি)
- (৩) আবৃ আহমদ আব্দুল্লাহ ইবন আদী জুরজানী (৩৬৫ হি)
- (৪) আবুল কাসিম তালহা ইবন মুহাম্মাদ ইবন জা'ফার মুআদ্দিল শাহিদ বাগদাদী (৩৮০ হি)
- (৫) আবুল হুসাইন মুহাম্মাদ ইবনুল মুযাক্ষার ইবন মুসা ইবন ঈসা ইবন মুহাম্মাদ বাগদাদী (৩৭৯ হি)
- (৬) আবু নুআইম ইসপাহানী আহমদ ইবন আবুল্লাহ (৪৩০ হি)
- (৭) আবৃ বকর আহমদ ইবন মুহাম্মাদ কালায়ী কুরতুবী (৪৩২ হি)
- (৮) আবূ বাকর মুহাম্মাদ ইবন আব্দুল বাকী ইবন মুহাম্মাদ ইবন মুহাম্মাদ ইবন আব্দুল্লাহ আনসারী খাযরাজী (৫৩৫ হি)
- (৯) আবূ আব্দুল্লাহ মুহাম্মাদ ইবনুল হুসাইন ইবন মুহাম্মাদ ইবন খসরু বালখী বাগদাদী (৫২৬ হি)
- (১০) আবুল কাসিম আব্দুল্লাহ ইবন মুহাম্মাদ ইবন আবিল আওয়াম সা'দী।

তিনি মিসরের বিচারপতি ছিলেন। তাঁর মৃত্যু তারিখ জানা যায় না। তবে তিনি ইমাম নাসায়ীর (৩০৩ হি) ছাত্র ছিলেন।[1] এছাড়া তাঁর পৌত্র মিসরের বিচারপতি আহমদ ইবন মুহাম্মাদ ইবন আব্দুল্লাহ ইবন আবিল আওয়াম হিজরী ৩৪৯ সালে জন্মগ্রহণ এবং ৪১৮ সালে মৃত্যুবরণ করেন।[2] এ হিসেবে প্রতীয়মান হয় যে, তিনি চতুর্থ হিজরী শতকের প্রথমার্ধে ৩৩০-৩৪০ হিজরী সালের দিকে মৃত্যুবরণ করেন।

এগুলোর মধ্যে আবৃ মুহাম্মাদ হারিসী সংকলিত মুসনাদ এবং আবৃ নুআইম ইসপাহানী সংকলিত মুসনাদ গ্রন্থ দুটি মুদ্রিত।

সপ্তম হিজরী শতকের প্রসিদ্ধ আলিম ইমাম আবুল মুআইয়িদ মুহাম্মাদ ইবন মাহমূদ খাওয়ারিযমী (৬৬৫ হি) 'জামিউল মাসানীদ' বা 'মুসনাদগুলোর সংকলন' নামক একটি গ্রন্থে 'মুসনাদ আবী হানীফা' নামে প্রসিদ্ধ গ্রন্থগুলোতে বিদ্যমান হাদীসগুলো একত্রে সংকলন করেন।

ফুটনোট

- [1] যাহাবী, সিয়ারু আলামিন নুবালা ১৪/১২৭।
- [2] গায্যী, তারাজিমুল হানাফিয়্যাহ, পৃষ্ঠা ১৪৯-১৫০; কুরাশী, তাবাকাতুল হানাফিয়্যাহ, পৃষ্ঠা ১০৬-১০৭; যিরকলী, আল-আ'লাম ১/২১১।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন